গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.plandiv.gov.bd

**এডিপি অগ্রাধিকার**
**অতি জরুরী**
**বিশেষ বাহক মারফত**

নং-২০.০৬.০০০০.৬১২.০০.১৮৫.২২-৬৫

তারিখঃ ২৫ ফাল্গুন, ১৪২৮ / ১০ মার্চ, ২০২২

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নির্দেশিকাঃ**

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে মাথাপিছু আয় বৃদ্ধি করে দারিদ্র্য হার হ্রাসের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'২০-জুন'২৫) প্রণয়ন করা হয়েছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত ঘাত-প্রতিঘাত মোকাবেলা করে কাঙ্খিত উন্নয়ন অর্জনের জন্য ''বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০'' প্রণয়ন করা হয়েছে। বর্তমান সরকার কর্তৃক শহরের সুবিধা গ্রামে পৌঁছে দেয়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি'স) অন্তর্ভুক্ত করে উন্নয়ন নীতি-কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহের আলোকে গৃহীত অর্থনৈতিক খাতভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। এ লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের কাজ শুরু করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি প্রণয়নকালে সেক্টরওয়ারি বরাদ্দ বিভাজন, অনুমোদিত প্রকল্প, বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প, নিজস্ব অর্থায়নপুষ্ট প্রকল্প, সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ প্রকল্পের বরাদ্দ প্রস্তাব প্রেরণ ও অনুমোদনের ক্ষেত্রে এ নির্দেশিকায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশাবলী অনুসরণ করা হবে।

২. **এডিপি'র আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পওয়ারি বরাদ্দ বিভাজন এবং অনুমোদন প্রক্রিয়া:**

২.১ সংশ্লিষ্ট সকল সংস্থা নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তিযোগ্য বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্পের প্রস্তাব ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে মতামতসহ AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনাপূর্বক গুরুত্বপূর্ণ ও আগ্রাধিকার সম্পন্ন নতুন অননুমোদিত প্রকল্প নির্বাচন করে এনইসি'র অনুমোদনের জন্য সুপারিশ করা হবে।

২.২ সকল সংস্থা নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে চলমান ও নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের প্রকল্পওয়ারী বরাদ্দের প্রাথমিক চাহিদা AMS-এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারি প্রাথমিক বরাদ্দ চাহিদা (১ম কলনোটিশে) AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা যথারীতি AMS-এর মাধ্যমে সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত এডিপি বরাদ্দের প্রাথমিক চাহিদা সমন্বিত করে অর্থ বিভাগকে অবহিত করা হবে।

২.৩ অর্থ বিভাগের বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি (BMRC) স্থিতিশীল সামষ্টিক অর্থনৈতিক অবস্থার ধারাবাহিকতা বজায় রেখে উচ্চতর হারে প্রবৃদ্ধি অর্জন, মূল্যস্থিতি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ চাহিদা, স্থানীয় সম্পদ আহরণের গতিধারা, বৈদেশিক সাহায্য প্রাপ্তি ও এর ব্যবহারের সক্ষমতা এবং সর্বোপরি অগ্রাধিকার খাতসমূহের চাহিদা, ইত্যাদি বিবেচনায় নিয়ে এডিপি'র মোট আকার (স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য) নির্ধারণ করে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করবে। এছাড়া, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সেক্টর/সাব-সেক্টর, মন্ত্রণালয় ও প্রকল্পওয়ারি প্রকল্প সাহায্য, জাপান ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ); জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরুপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগকে অবহিত করবে।

২.৪ অর্থ বিভাগ হতে প্রাপ্ত এডিপি'র মোট আকার ও মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সিলিং, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পওয়ারি প্রকল্প সাহায্যের পরিমান, সেক্টর বিভাগ হতে প্রাপ্ত চলমান/নতুন প্রকল্পসমূহের প্রাথমিক চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সেক্টরাল অগ্রাধিকার ও প্রকল্পের গুরুত্ব, সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের জন্য প্রয়োজনীয় বরাদ্দ ইত্যাদি বিবেচনা করত:

অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরওয়ারী এবং উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ বিভাজন করে তা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করা হবে।

২.৫ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরসমূহের আওতায় মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাব পুন:নির্ধারণ করে চূড়ান্ত বরাদ্দের (২য় কলনোটিশ) এক কপি কার্যক্রম বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করবে এবং আরও একটি কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে প্রদান করবে। অতঃপর, পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের সাথে আলোচনার মাধ্যমে সম্মত প্রকল্পওয়ারী পুন:নির্ধারিত চূড়ান্ত বরাদ্দ মন্ত্রণালয়/বিভাগ AMS-এ অন্তর্ভুক্তি/হালনাগাদপূর্বক সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পওয়ারি পুন:নির্ধারিত বরাদ্দ এবং উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অন্যান্য তথ্যাদি সংকলন করে খসড়া এডিপি প্রণয়ন করা হবে। উক্ত খসড়া এডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় পেশ করে সুপারিশ গ্রহণপূর্বক জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নে সাধারণ নির্দেশাবলি:

৩.১ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প এবং ADP/RADP Management System (AMS)-এ অন্তর্ভুক্ত রয়েছে এমন প্রকল্প বরাদ্দসহ এডিপিতে অন্তর্ভুক্ত করা। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এবং প্রশাসনিক আদেশ জারী ব্যতিরেকে কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.২ গত ০২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত এনইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের আরএডিপিতে 'সমাপ্তির জন্য নির্ধারিত' তালিকাভুক্ত কোন প্রকল্প ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.৩ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তি বিবেচনায় এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৩.৪ নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণে অগ্রিম পরিকল্পনা নেয়া এবং ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ AMS-এ চিহ্নিত করে তালিকায় সন্নিবেশিত করতে হবে;

৩.৫ আগামী ৩০ জুন, ২০২২ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে এমন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.৬ এডিপিতে অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের (প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়) আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে AMS-এর নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.৭ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে গৃহীত অনুমোদিত প্রকল্পসমূহ বরাদ্দসহ এডিপিতে পৃথক তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। এ সকল প্রকল্পের অনুকূলে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব প্রেরণ করতে হবে;

৩.৮ এডিপি'র বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প (বিনিয়োগ/কারিগরি/সমীক্ষা/নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) এবং বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্তির জন্য গুরুত্বপূর্ণ প্রকল্প প্রস্তাব করতে হবে;

৩.৯ এডিপি'তে পৃথক তালিকা হিসেবে সংযুক্তির জন্য অনুমোদিত/বাস্তবায়নাধীন সরকারি বেসরকারি অংশীদারিত্ব (PPP) প্রকল্পের একটি তালিকা প্রেরণ করতে হবে;

৩.১০ ২০২১-২২ অর্থবছরের আরএডিপি চূড়ান্ত হওয়ার পর অনুমোদিত সকল প্রকল্পের (বিনিয়োগ/কারিগরি/সমীক্ষা/নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) মৌলিক তথ্যাদি যথারীতি AMS-এ অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে। অতঃপর এ সকল নতুন অনুমোদিত প্রকল্পের অনকূলে ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে; এবং

৩.১১ এডিপি প্রণয়ন নির্দেশিকায় প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (অর্থাৎ সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগে থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) এডিপি প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব প্রেরণের নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে AMS-এর মাধ্যমে তথ্যাদি প্রেরণের সুযোগ বন্ধ হয়ে যায় বিধায় নির্ধারিত সময়ের মধ্যে সকল তথ্য পরবর্তী পর্যায়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**৪. বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তি:**

এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা ও নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে যথাযথ যৌক্তিকতাসহ আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণ করতে হবেঃ

৪.১ সার্বিকভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনার অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন বিশেষ করে আয় বৈষম্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতিসহ দারিদ্র্য নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন, মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, স্বাস্থ্য ও জনসংখ্যা), কৃষি, শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি, নগর উন্নয়ন, বিদ্যুৎ, জ্বালানী ও অবকাঠামো উন্নয়ন, আইসিটি উন্নয়ন, পানি ও পয়ঃনিষ্কাশন উন্নয়ন, লিঙ্গ সমতা, আয় বৈষম্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশগত টেকসই, লিঙ্গ সংবেদনশীল ও ঝুঁকি সচেতনতা বৃদ্ধি ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে;

৪.২ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪৩১.২০.০০৩.২০, তারিখ: ২১/০৯/২০২১ অনুযায়ী বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বের প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্প গ্রহণের পূর্বে আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) করতে হয় বিধায় সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে এমন প্রকল্পকেই এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.৩ বিনিয়োগ ও কারিগরি প্রকল্পের ন্যায় ব্যয় নির্বিশেষে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প অনুমোদনার্থে প্রক্রিয়াকরণ করতে হলে প্রকল্পটি এডিপিতে নতুন অননুমোদিত বরাদ্দবিহীন প্রকল্প তালিকায় (সবুজ পাতায়) অন্তর্ভুক্ত থাকতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের ২১/০৯/২০২১ তারিখের স্মারক অনুযায়ী বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। কাজেই ভবিষ্যতে গৃহীত হবে এমন কোন বিনিয়োগ প্রকল্প বা প্রকল্পসমূহ গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রস্তাবিত সমীক্ষা প্রকল্পকে এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.৪ প্রেক্ষিত পরিকল্পনা, এসডিজি এর অভিষ্ট (goals) এবং লক্ষ্যমাত্রা (targets) অর্জনকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং এক্ষেত্রে বাংলাদেশ পরিকল্পনা কমিশন কর্তৃক Monitoring and Evaluation Framework of Sustainable Development Goals (SDG):Bangladesh Perspective প্রতিবেদনটি অনুসরণ করা যেতে পারে;

৪.৫ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার Allocation of Business-এর মধ্যে সীমাবদ্ধ থেকে নতুন প্রকল্পের প্রস্তাব করতে হবে। কোন নির্দিষ্ট এলাকায়/অঞ্চলে এক বা একাধিক সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে এবং এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

৪.৬ একই সংস্থার অধীনে একই প্রকৃতির একাধিক ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণ না করে প্রশাসনিক বিভাগ বা অঞ্চল ভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে।

৪.৭ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনা পূর্বক প্রকল্প প্রস্তাব করতে হবে;

৪.৮ উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে এবং Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)-এ বর্ণিত থিমেটিক এরিয়া ও প্রোগ্রামের সাথে গৃহীত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে;

৪.৯ যে সকল প্রকল্প প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭ (সংশোধনীসহ) এবং প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪.১০ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৪.১১ ব-দ্বীপ পরিকল্পনায় (Delta-Plan) চিহ্নিত প্রকল্পকে সম্পদ প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.১২ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সফটওয়্যার শিল্প ও তথ্য প্রযুক্তি সেবা বিকাশের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিমূলক প্রকল্প গ্রহণে বিশেষ গুরুত্ব দিতে হবে;

৪.১৩ সড়ক, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল নির্মাণসহ যেকোন ধরণের আবাসিক/অনাবাসিক ভবন, ভৌত ও নির্মাণধর্মী প্রকল্প গ্রহণে কৃষি জমির ব্যবহার যথাসম্ভব পরিহার করতে হবে, আনুভূমিক প্রশস্ততার পরিবর্তে বহুতল মাল্টিপারপাস ভবন তৈরী করতে হবে এবং জমির

ব্যবহার ন্যূনতম পর্যায়ে রাখতে হবে। নতুন প্রকল্প গ্রহণের সময় যথাসম্ভব ইতোপূর্বে অধিগ্রহণকৃত কিন্তু অব্যবহৃত জমি (অন্য মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন হলেও) কিংবা খাস জমি ব্যবহারের প্রস্তাব করতে হবে;

৪.১৪ ২০২১-২২ অর্থবছরের এডিপি/আরএডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। জাতীয় অগ্রাধিকার (উচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার ও কম অগ্রাধিকার) ও সম্পদের সীমাবদ্ধতা বিবেচনাপূর্বক যৌক্তিকতাসহ ২০২২-২৩ অর্থবছরের নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, উচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার ও কম অগ্রাধিকারভুক্ত প্রকল্পসমূহ যথাক্রমে ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থবছরের এডিপি'র জন্য বিবেচনা করা হবে।

৪.১৫ যে সকল প্রকল্পের ডিপিপি/টিএপিপি/পিএফএস অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে রয়েছে (অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ইত্যাদি) এ সকল প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে। **উল্লেখ্য ডিপিপি প্রণীত হয়নি এমন কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৪.১৬ যেসব প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়নি সেসব প্রকল্প পুনরায় অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৪.১৭ বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন শ্রেণি পেশার জনগণের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তা সৃষ্টি ইত্যাদি বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের সুযোগ রয়েছে বিধায় সরকারি-বেসরকারি অংশীদারিত্বে প্রশিক্ষণধর্মী প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে;

৪.১৮ তথ্যের গরমিল/অসামঞ্জস্যপূর্ণ ও অসম্পূর্ণ তথ্য সম্বলিত প্রকল্প প্রস্তাব AMS সফটওয়্যারে প্রেরণ করা হলে তা বিবেচনা করা হবে না;

৪.১৯ প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য ও কার্যক্রম সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভগের লক্ষ্যমাত্রা, জাতিসংঘ ঘোষিত এসডিজি'র অভিষ্ট ও লক্ষ্যমাত্রা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজেনেস-এর সাথে সংযোগ স্থাপনপূর্বক প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা এবং মধ্যমেয়াদী বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপন ও চলমান প্রকল্পে দায় বিবেচনায় প্রকল্পটি কীভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS সফটওয়্যারের 'মন্তব্য' বক্সে লিপিবদ্ধ করতে হবে; এবং

৪.২০ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাব সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং অন্যান্য নীতি কৌশলের আলোকে আর্থ-সমাজিক উন্নয়ন প্রস্তাবিত প্রকল্পটির প্রভাব বিশ্লেষণ এবং অর্থায়নের সম্ভাব্য পরিকল্পনাসহ প্রকল্পটি গ্রহণ বা বাতিলের স্বপক্ষে যৌক্তিকতা/মতামত সুস্পষ্টভাবে AMS সফটওয়্যারের 'মন্তব্য' বক্সে লিপিবদ্ধ করতে হবে।

## ৫. বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প:

বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি ও সমীক্ষা) অনুচ্ছেদ ৪.১-৪.২০ এ বর্ণিত বিষয়াবলি অনুসরণ করে AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প এডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

## ৬. এডিপিতে প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান:

২০২২-২৩ অর্থবছরের এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে সকল উদ্যোগী/বাস্তবায়নকরী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পভিত্তিক (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে এবং হার্ডকপি নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রেরণ করবেঃ

৬.১ শুধু অনুমোদিত ও AMS এ অন্তর্ভুক্ত প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে। অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারি হয়নি এমন নতুন অনুমোদিত প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করা যাবে না;



Scanned wit

৬.২ প্রকল্পওয়ারি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের প্রয়োজনীয় অর্থের শতভাগ নিশ্চিত করতে হবে। অতঃপর প্রকল্প সাহায্যপুষ্ট প্রকল্পের পরিপূরক জিওবি বরাদ্দ নিশ্চিত করার পর অবশিষ্ট অর্থ অন্যান্য প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬.৩ নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রস্তাব করতে হলে প্রথমতঃ প্রকল্পটির অনুমোদন সংক্রান্ত মৌলিক তথ্যাদি আবশ্যিকভাবে AMS ডাটা বেইজে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রকল্পটি AMS ডাটা বেইজে অন্তর্ভুক্তপূর্বক যথাযথ প্রক্রিয়ায় ভেলিডেট করা হলেই প্রকল্পটি অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে। এ ক্ষেত্রে কার্যক্রম বিভাগ হতে ০১/০৯/২০২০ তারিখে জারিকৃত ২০.০৬.০০০০.৬০৫.১৪.০০৪.২০/৮০ সংখ্যক পরিপত্র অনুসরণ করতে হবে;

৬.৪ চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণের পরই কেবল অপরিহার্য নতুন অনুমোদিত প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে। এছাড়া, ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর অর্থায়নের জন্য "নতুন প্রকল্প বরাদ্দ (থোক)" এ নতুন প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের নূন্যতম ৫% অর্থের সংস্থান রাখতে হবে।

৬.৫ যে সকল প্রকল্পে জিওবি বা প্রকল্প সাহায্য এর পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার অর্থায়ন রয়েছে সে সকল প্রকল্পের ক্ষেত্রে স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ প্রতিফলন করতে হবে।

৬.৬ AMS এ প্রতিটি প্রকল্পের মৌলিক তথ্যাদি যেমন প্রকল্পের শিরোনাম, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের ধরণ ও পরিমান, অনুমোদন অবস্থা, মেয়াদ, লোকেশন, অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনসহ অন্যান্য তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষিত রয়েছে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের সংশোধন অনুমোদন বা মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বা মেয়াদ হালনাগাদের প্রয়োজন হলে, প্রাথমিকভাবে অনুমোদিত আরডিপিপি বা মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রশাসনিক আদেশ অনুসারে AMS-এ সংশোধিত তথ্যাদি অন্তর্ভুক্তপূর্বক হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সর্বশেষ অনুমোদিত/সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না;

৬.৭ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্পওয়ারি বরাদ্দ লক্ষ টাকায় প্রদর্শন করা হয় বিধায় হাজার টাকায় কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। AMS এ প্রকল্পওয়ারি বরাদ্দ প্রদানের সময় বরাদ্দের পাশাপাশি প্রকল্পের অগ্রাধিকার (উচ্চ, মধ্যম ও নিম্ন), প্রকল্পের অনুমোদন অবস্থা (সংশোধিত হলে **'সংশোধিত অননুমোদিত'**), প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত কিনা, প্রকল্পের শুরু থেকে জুন/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় (জিওবি, ও প্রঃসাঃ)-এর তথ্যাদি যথারীতি AMS-এ অন্তর্ভুক্ত/চিহ্নিত করতে হবে;

৬.৮ প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত এডিপি বরাদ্দের পাশাপাশি পরবর্তী দুই অর্থ বছর অর্থাৎ ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের জন্য প্রক্ষেপণ প্রদান করতে হবে;

৬.৯ জাতীয় গুরুত্বপূর্ণ, বৈদেশিক সাহায্যপুষ্ট, ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত এবং অধিক গুরুত্বপূর্ণ (Fast track) প্রকল্পে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

৬.১০ বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গিকারপ্রাপ্ত) প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য অর্থ বছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের লক্ষ্যে পরিপূরক তহবিল (Matching Fund) বরাদ্দের প্রস্তাব অগ্রাধিকার পাবে;

৬.১১ চলতি প্রকল্পসমূহের সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত (জুন'২১ পর্যন্ত) অগ্রগতি/ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য যৌক্তিক ব্যয় বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রাপ্ত সম্পদের ভিত্তিতে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সাথে আলোচনাপূর্বক প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৬.১২ এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে এডিপিতে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

৬.১৩ সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) নির্ধারিত হার এবং আমদানী মূল্যের বৈদেশিক মুদ্রার বিনিময় হার (Exchange Rate) অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দ AMS-এর নির্ধারিত স্থানে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৬.১৪ এডিপি বরাদ্দের জিওবি বা টাকা অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে AMS-এর নির্ধারিত স্থানে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৬.১৫ প্রকল্প সাহায্য, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (RPA) যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে;

৬.১৬ প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ) বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

৬.১৭ উপর্যুক্ত নির্দেশনার আলোকে বিনিয়োগ, কারিগরি ও সমীক্ষার প্রকল্পের অর্থ বরাদ্দের প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে AMS-এ অন্তর্ভুক্তিপূর্বক প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS-এর মাধ্যমে প্রেরিত প্রস্তাবের মুদ্রিত কপি (AMS-থেকে) প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে যুগপৎভাবে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

## ৭. সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ এডিপিতে বরাদ্দসহ প্রতিফলন করতে হবে। **সেক্ষেত্রে স্বঅর্থায়নে/নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সুস্পষ্টভাবে বরাদ্দ কলামে উল্লেখ করতে হবে।** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS-এর মাধ্যমে প্রেরিত প্রস্তাবের মুদ্রিত কপি (AMS-থেকে) প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে যুগপৎভাবে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

## ৮. ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:

যেসব প্রকল্প ২০২২-২৩ অর্থবছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্প ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে সম্ভাব্য সমাপ্য সকল প্রকল্পের তালিকা AMS এ সঠিকভবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে এবং এ সকল প্রকল্পের অনুকূলে অনুমোদিত ডিপিপি/টিএপিপি অনুযায়ী শতভাগ বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং হার্ডকপি কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে।

## ৯. সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প সংক্রান্ত তথ্য:

৯.১ সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২২-২৩ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা এডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক-১' ও সংক্ষিপ্ত সার ছক 'ক-২' অনুসারে প্রচলিত নিয়মে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপিসহ)।

৯.২ সরকারি বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে প্রকল্প গ্রহণ/বাস্তবায়নে গুরুত্ব প্রদান করতঃ যেসব প্রকল্পের ব্যয় সম্পূর্ণ বা আংশিকভাবে সেবা গ্রহণকারীর নিকট হতে ফেরত পাওয়া সম্ভব সে সকল প্রকল্প পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের প্রচেষ্টা নিতে হবে। বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৯.৩ সরকারি বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে/উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক (Link Project) নতুন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

## ১০। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| (ক) অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা, নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ও বৈদেশিক সাহায্যপুষ্ট) প্রস্তাব AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২০/০৩/২০২২ |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা, নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ও বৈদেশিক সাহায্যপুষ্ট) প্রস্তাব এডিপি প্রণয়নের নির্দেশিকার অনুচ্ছেদ ৪.১৯ এর আলোকে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ২৪/০৩/২০২২ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, বৈদেশিক সাহায্যপুষ্ট, সমীক্ষা প্রকল্প) প্রস্তাব এডিপি প্রণয়নের নির্দেশিকার অনুচ্ছেদ ৪.২০ এর আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২০২২ |

| (খ) চলমান ও নতুন অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) এর অনুকূলে বরাদ্দ প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা নির্ধারিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক হার্ডকপি ও AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২০/০৩/২০২২ |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে এবং AMS থেকে মুদ্রিত কপি এডিপি প্রণয়ন নির্দেশিকা ৬.১৭ অনুসরণপূর্বক আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ২৪/০৩/২০২২ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা এডিপি প্রণয়ন নির্দেশিকার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে এবং হার্ডকপি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২০২২ |

১১। উপরিউক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-৯) এবং অনুচ্ছেদ-১০ (ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২২-২৩ অর্থবছরের এডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি আবশ্যিকভাবে AMS-এর মাধ্যমে (adp.plancomm.gov.bd) এবং প্রকল্প ভিত্তিক বরাদ্দ প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প) হার্ডকপি প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১০/৩/২০২২
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সদস্য
কার্যক্রম বিভাগ

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

------------------------------------------------------ মন্ত্রণালয়/বিভাগঃ

------------------------------------------------------

নং-২০.০৬.০০০০.৬১২.০০.১৮৫.২২-৬৫

তারিখঃ ২৫ ফাল্গুন, ১৪২৮ / ১০ মার্চ, ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:**

১। সদস্য, ....................................................................... পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২। প্রধান, ......................................................................পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩। যুগ্ম-প্রধান (সংশ্লিষ্ট), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২০.০৬.০০০০.৬১২.০০.১৮৫.২২-৬৫

তারিখঃ ২৫ ফাল্গুন, ১৪২৮ / ১০ মার্চ, ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:**

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ----------
----------------------------------------------------------------------------------------------------।

১০/০৩/২০২২
(কাজী সালেহ মুস্তানজির)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৯০৪

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪। সিনিয়র সচিব/সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

১০/০৩/২০২২
(কাজী সালেহ মুস্তানজির)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৯০৪

ক-১

## ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
সাব-সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

## ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগের নাম | : | |
| ২। | বাস্তবায়নকারী সংস্থা | : | |
| ৩। | সেক্টর | : | |
| ৪। | সাব-সেক্টর | : | |
| ৫। | প্রকল্পের নাম | : | বাংলায় -<br>ইংরেজীতে- |
| ৬। | বাস্তবায়নকাল | : | |
| ৭। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | মোট-<br>স্থানীয় মুদ্রা-<br>বৈদেশিক মুদ্রা- |
| ৮। | অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) | : | মোট-<br>উদ্যোক্তা -<br>জিওবি (in kind) |
| ৯। | প্রকল্পের প্রধান উদ্দেশ্য | : | |
| ১০। | প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলির সংক্ষিপ্ত বিবরণ | : | |
| ১১। | প্রকল্প এলাকা | : | |

কর্মকর্তার স্বাক্ষর ও
নামঃ

তারিখঃ
সীল